EIH Limited
A MEMBER OF THE OBEROI GROUP

05th October 2026

The National Stock Exchange of India Limited	The BSE Limited
Exchange Plaza, 5th Floor Plot No..C/1, G Block Bandra Kurla Complex Bandra(E) Mumbai – 400 051. **Code: EIHOTEL**	Corporate Relationship Dept. 1st Floor, New Trading Ring Rotunda Building Phiroze Jeejeebhoy Towers Dalal Street, Fort Mumbai-400001 **Code: 500840**

Sub: Newspaper Advertisement

Dear Sir/Madam,

Disclosure is given pursuant to Regulation 30 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 (Listing Regulations) and in accordance with the SEBI Circular No. HO/38/13/11(2)2026-MIRSD-POD/I/3750/2026 dated 30th January 2026, please find enclosed herewith a copy of newspaper advertisements titled "Special Window for Re-lodgment of Transfer Requests of Physical Shares" published on 05th October 2026 in the following newspapers:

- Business Standard (English – All Editions); and
- Ei-Samay (Bengali – Kolkata), being the regional language newspaper published in Kolkata, where the Registered Office of the Company is situated.

The above may please be taken on record.

Thanking you,

Yours faithfully
For **EIH Limited**

Lalit Kumar Sharma
Digitally signed by Lalit Kumar Sharma
Date: 2026.10.05 14:44:08 +05'30'

Lalit Kumar Sharma
Company Secretary

CIN: L55101WB1949PLC017981
Corporate Office: 7, Sham Nath Marg, Delhi – 110 054, India/ Telephone: +91 - 11- 2389 0505 /
Website:www.eihltd.com, Email: isdho@oberoigroup.com
Registered Office: N-806-A, 8th Floor, Diamond Heritage Building, 16, Strand Road, Fairley Place, Kolkata - 700001

EIH Limited

A MEMBER OF THE OBEROI GROUP

CIN: L55101WB1949PLC017981

Corporate Office: 7, Shamnath Marg, Delhi- 110054

Telephone: +91 11 23890505 **Website:** www.eihltd.com

Email: isdho@oberoigroup.com

Regd. Office: N-806-A, 8th Floor, Diamond Heritage Building, 16, Strand Road, Fairley Place, Kolkata - 700001, West Bengal

NOTICE TO SHAREHOLDERS

Special Window for Re-lodgment of Transfer Requests of Physical Shares

Pursuant to SEBI Circular No. HO/38/13/11(2)2026-MIRSD-POD/I/3750/2026 dated 30th January 2026, all shareholders/investors of the Company are hereby informed that another special window has been opened for a period of one year from 5th February 2026 to 4th February 2027 to facilitate transfer of shares in physical mode. This facility is available only to those shareholders/ investors who had executed the transfer deeds before 1st April, 2019 but were not lodged/ rejected/ returned/ not attended due to deficiency in the documents/process or otherwise. The transfer deed must be accompanied with Original shares certificate(s) or proof of acquisition.

During this special window, the securities transferred shall be credited only in dematerialized form and shall be subject to a lock-in period of one year from the date of registration of transfer. During the lock-in period, such securities shall not be transferred, lien-marked, or pledged. Shareholders/investors are requested to follow the prescribed transfer-cum-demat process. Requests involving disputed ownership or shares that have already been transferred to the Investor Education and Protection Fund (IEPF) shall not be considered.

Transfer requests submitted after 04th February 2027 will not be accepted by the Company/RTA.

Physical Shareholders are requested to submit requisite documents to the Company's Registrar and Share Transfer Agent i.e. MUFG Intime India Private Limited at Nobel Heights, 1st floor, Plot no. NH-2 LSC, C-1, Block, Near Savitri Market Janakpuri, New Delhi – 110058. Email-delhi@in.mpms.mufg.com.

All Shareholders are requested to update your 'Know Your Customer' (KYC) details such as PAN, Email Address, Contact Number, Address, Bank Details and Nomination etc., in order to ensure timely receipt of the dividends declared by the Company directly to your bank accounts and preventing transfer of such dividends and shares to the IEPF.

Shareholders holding shares in demat mode may approach their respective Depository Participants (DP) for updating the KYC.

For any query, you can contact our RTA at delhi@in.mpms.mufg.com and Company at isdho@oberoigroup.com.

For **EIH Limited**
Sd/-

Place : Delhi
Date : 1st October 2026

Lalit Kumar Sharma
Company Secretary
FCS-6218

EIH Limited

A MEMBER OF THE OBEROI GROUP

CIN: L55101WB1949PLC017981

কর্পোরেট অফিস: ৭, শামনাথ মার্গ, দিল্লি- ১১০০৫৪

দূরভাষ: +৯১ ১১ ২৩৮৯০৫০৫ ওয়েবসাইট: www.eihltd.com

ই-মেল: isdho@oberoigroup.com

নথিবদ্ধ কার্যালয়: এন-৮০৬-এ, নবম তল, ডায়মন্ড হেরিটেজ বিল্ডিং, ১৬, স্ট্র্যান্ড রোড, ফেয়ারলি প্লেস, কলকাতা- ৭০০০০১, পশ্চিমবঙ্গ

শেয়ারহোল্ডারদের জন্য বিজ্ঞপ্তি

বাস্তবিক শেয়ার স্থানান্তরের অনুরোধ পুনঃস্থাপনের জন্য স্পেশাল উইন্ডো

সেবি সার্কুলার নং এইচও/৩৮/১৩/১১(২)২০২৬-এমআইআরএসডি-পিওডি/আই/৩৭৫০/২০২৬ তারিখ ৩০ জানুয়ারি ২০২৬ অনুসারে, কোম্পানির সকল শেয়ারহোল্ডারগণ/বিনিয়োগকারীগণকে এতদ্বারা জানানো হচ্ছে যে, ৫ ফেব্রুয়ারি ২০২৬ থেকে ৪ ফেব্রুয়ারি ২০২৭ পর্যন্ত এক বছরের জন্য আরও একটি স্পেশাল উইন্ডো খোলা হয়েছে যাতে শেয়ারগুলি বাস্তবিক মোডে স্থানান্তর করা যায়। এই সুবিধা সেই সব শেয়ারহোল্ডারগণ/বিনিয়োগকারীগণের জন্য উপলব্ধ, যাঁরা ১ এপ্রিল, ২০১৯ তারিখের আগে ট্রান্সফার ডিড জমা দিয়েছিলেন কিন্তু নথি/প্রক্রিয়ার ত্রুটির কারণে বা অন্য কোনও কারণে প্রত্যাখ্যাত/ফেরৎ হয়েছে/উপস্থাপিত হয়নি।

এই স্পেশাল উইন্ডোর সময়ে, স্থানান্তরিত সিকিউরিটিগুলি কেবলমাত্র ডিমেটিরিয়ালাইজড আকারে জমা হবে এবং স্থানান্তর নিবন্ধনের তারিখ থেকে এক বছরের লক-ইন সময়কালের সাপেক্ষে থাকবে। লক-ইন সময়কালে, এই জাতীয় সিকিউরিটিগুলি স্থানান্তর, লিয়েন-মার্ক করা বা বন্ধক রাখা হবে না। শেয়ারহোল্ডার/বিনিয়োগকারীদের নির্ধারিত স্থানান্তর-তথা-ডিম্যাট প্রক্রিয়া অনুসরণ করার জন্য অনুরোধ করা হচ্ছে। বিতর্কিত মালিকানা বা ইতিমধ্যে ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড (আইইপিএফ)- এ স্থানান্তরিত শেয়ার সম্পর্কিত অনুরোধ বিবেচনা করা হবে না।

০৪ ফেব্রুয়ারি ২০২৭ তারিখের পরে জমা দেওয়া স্থানান্তরের অনুরোধ কোম্পানি/আরটিএ কর্তৃক গ্রহণ করা হবে না।

বাস্তবিক শেয়ারহোল্ডারদের কোম্পানির রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট অর্থাৎ এমইউএফজি ইনটাইম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড-এর কাছে প্রয়োজনীয় কাগজপত্র জমা দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে এই ঠিকানায়: নোবেল হাইটস, দ্বিতীয় তল, প্লট নং, এনএইচ-২ এলএসসি, সি-১, ব্লক, সাবিত্রী মার্কেট জনকপুরীর নিকটে, নয়া দিল্লি- ১১০০৫৮। ই-মেল: delhi@in.mpms.mufg.com।

সকল শেয়ারহোল্ডারদের অনুরোধ করা হচ্ছে যে, তাঁরা তাঁদের 'নো ইয়োর কাস্টমার' (কেওয়াইসি) বিবরণ যেমন- প্যান, ই-মেল অ্যাড্রেস, যোগাযোগ নম্বর, ঠিকানা, ব্যাঙ্কের বিবরণ এবং মনোনয়ন ইত্যাদি আপডেট করেন, যাতে কোম্পানি কর্তৃক ঘোষিত লভ্যাংশ সময়মতো সরাসরি তাঁদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে পৌঁছে যায় এবং এই ধরনের লভ্যাংশ ও শেয়ার আইইপিএফ-এ হস্তান্তর এড়ানো যায়।

যেসব শেয়ারহোল্ডার ডিম্যাট মোডে শেয়ার ধারণ করে আছেন, তাঁরা কেওয়াইসি আপডেট করার জন্য তাঁদের সংশ্লিষ্ট ডিপোজিটরি অংশগ্রহণকারীদের (ডিপি) সাথে যোগাযোগ করতে পারেন।

যে কোনও প্রশ্নের জন্য, আপনি আমাদের আরটিএ-র সঙ্গে যোগাযোগ করতে পারেন delhi@in.mpms.mufg.com ঠিকানায় এবং কোম্পানির সঙ্গে isdho@oberoigroup.com ঠিকানায়।

ইআইএইচ লিমিটেডের পক্ষে

স্বাক্ষর/-

স্থান: দিল্লি

তারিখ: ১ অক্টোবর ২০২৬

ললিত কুমার শর্মা

কোম্পানি সেক্রেটারি

এফসিএস-৬২১৮

ঝটিতি

মহিলা-হেনস্থা চার মদ্যপের, ধৃত

■ দেরাদুন: মদ্যপ অবস্থায় হরিদ্বার হাইওয়েতে গাড়ি ছুটিয়ে মহিলাদের হেনস্থার অভিযোগ! বহদ্রাবাদ এলাকার এমনই এক ঘটনার ফুটেজ সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়তেই চার অভিযুক্তকে আটক করেছে পুলিশ। অভিযোগ, উত্তরপ্রদেশ রেজিস্ট্রেশনের একটি সাদা গাড়িতে থাকা ওই চার যুবক একদল মহিলার সঙ্গে রাস্তার মধ্যে দুর্ব্যবহার শুরু করে, তাঁদের হেনস্থাও করে। অভিযোগ—প্রথমে গাড়ি থামিয়ে তরুণীদের রাস্তা আটকে হেনস্থা করা হয়। এর পরে গাড়ি নিয়ে মহিলাদের গাড়িকে ধাওয়া করে অভিযুক্তরা। পুলিশ জানিয়েছে, গাড়িতে থাকা সকল অভিযুক্ত নেশাগ্রস্ত অবস্থায় ছিল।

স্ত্রী বনেটে ঝুলে!

■ লখনৌ: লখনৌয়ের পরে এ বার উত্তরপ্রদেশের মিরাট। প্রেমিকাকে নিয়ে গাড়িতে ঘুরতে গিয়ে স্ত্রীর হাতে ধরা পড়েন বছর ৩৬-এর মায়াঙ্ক। একটি ভাইরাল ভিডিয়োয় দেখা যাচ্ছে, এক তরুণী বনেটে ঝুলছেন, সেই অবস্থাতেই গাড়ি চালিয়ে নিয়ে যাচ্ছেন মায়াঙ্ক। এমনকী, তাঁকে গাড়িচাপা দেওয়ার চেষ্টাও করেন তিনি। কাজিপুরের বাসিন্দা ৩২ বছরের সুনীতার অভিযোগ, মাহি ভার্মা নামের তরুণীর সঙ্গে হাতেনাতে স্বামীকে ধরে ফেলায় তাঁকে গাড়িচাপা দিতে চেয়েছিলেন মায়াঙ্ক ও মাহি। পরে পথচারীদের তৎপরতায় গাড়িটি বাজেয়াপ্ত করে মায়াঙ্ক ও মাহিকে গ্রেপ্তার করে উত্তরপ্রদেশ পুলিশ।

‘লক্ষ লক্ষ ভারতীয়ের ভোটাধিকার কাড়া স্বেচ্ছাচারিতা’, সরব ২ জাস্টিস

এই সময়: নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের পদত্যাগের দাবিতে দেশজুড়ে আন্দোলনের মধ্যেই নির্বাচন কমিশন (ইসি)-এর কড়া সমালোচনা করলেন সুপ্রিম কোর্টের দুই বিচারপতি। ভারতের লক্ষ লক্ষ নাগরিককে ভোটাধিকার থেকে বঞ্চিত করা স্বেচ্ছাচারী সিদ্ধান্ত, কোনও ভাবেই তাকে বৈধতা দেওয়া যায় না বলে কড়া মন্তব্য করলেন সুপ্রিম কোর্টের বিচারপতি উজ্জ্বল ভুঁইয়া। তাঁর মতে, এই প্রক্রিয়া সংবিধানের মূল ভিত্তিতে আঘাত করে ও সাংবিধানিক কাঠামোকে অস্বীকার করে। হায়দরাবাদে নালসার আইন বিশ্ববিদ্যালয়ে রবিবার এক অনুষ্ঠানে বিচারপতি ভুঁইয়া বলেন, ‘যদি এই প্রক্রিয়ায় লক্ষ লক্ষ নাগরিকের নাম ভোটার তালিকা থেকে বাদ যায়, তাঁদের নিজের দেশেই দ্বিতীয় শ্রেণির নাগরিক করে দেওয়া হয়, তার অর্থ প্রক্রিয়াটির ভিতেই স্বেচ্ছাচারিতায় ভরা। ভোটাধিকার আছে ও ভোটাধিকার নেই, এমন দু’ধরনের নাগরিকত্বের কোনও ধারণা ভারতীয় সংবিধানে নেই। এমন কোনও প্রক্রিয়া যার ফলে নাগরিকেরা ভোটাধিকার হারাবেন, সেটি ভারতীয় সংবিধানের

প্রশ্নে ইসি-র ভূমিকা

৩২৬ ও ১৪ নম্বর অনুচ্ছেদকে লঙ্ঘন করে। কেউ সংবিধানের উর্ধ্বে নয়।’ বিচারপতি ভুঁইয়ার মতে, একমাত্র মৃত ভোটার ছাড়া, যাঁর নাম একবার ভোটার তালিকায় উঠেছে, শুনানি ছাড়া তাঁর নাম বাদ দেওয়া যায় না। ভোটাধিকার মৌলিক অধিকার না হলেও এটি সাংবিধানিক অধিকার—মনে করান বিচারপতি ভুঁইয়া। তাঁর কথায়, ‘ভারতীয় নাগরিকদের ভোটাধিকার ভারতের দীর্ঘদিনের বিদেশি শাসনের বিরুদ্ধে সংগ্রামের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। বহু বছরের সংগ্রাম ও আত্মত্যাগের পরে যে স্বাধীনতা আমরা অর্জন করেছি, ভোটাধিকার তারই একটি প্রকাশ।’

নির্বাচন কমিশনের কাজকর্মের কড়া সমালোচনা করেছেন সুপ্রিম কোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি রোহিন্টন নরিম্যানও। ভারতে মানুষের ভোটাধিকার ধ্বংসের পথে এবং সুপ্রিম কোর্টের উচিত অবিলম্বে গণতন্ত্রকে রক্ষা করা, মন্তব্য করেছেন তিনি। নির্বাচন কমিশনের কাজের পদ্ধতি, সরকারের প্রভাব ও বিশেষ করে বিশাল সংখ্যক মানুষের নাম ভোটার তালিকা থেকে বাদ পড়া নিয়ে ২৭ সেপ্টেম্বর ‘সংবিধান ও সাধারণ মানুষ’ শীর্ষক এক বক্তৃতায় বিচারপতি নরিম্যান বলেন, ‘সরকার যা চায়, তা পেতে সাধারণ মানুষকে ভোটার তালিকা থেকে বাদ দেওয়া বেআইনি। তার ফল পশ্চিমবঙ্গে দেখা গিয়েছে, যেখানে ক্ষমতাসীন সরকার পড়ে গিয়েছে ও কেন্দ্রের সরকার ক্ষমতায় এসেছে।’ নির্বাচন কমিশনার নিয়োগের জন্য ২০২৩-এ যে আইনি পরিবর্তন আনা হয়েছিল, তারও সমালোচনা করেন বিচারপতি নরিম্যান। তাঁর মতে, ‘জনগণের আস্থা ফেরানোর জন্য সুপ্রিম কোর্টের উচিত নির্বাচন কমিশনার নির্বাচনে ভারসাম্য ফিরিয়ে আনা।’

বিচারপতি ভুঁইয়ার ‘সাহসিকতা’র ভূয়সী প্রশংসা করেছেন কংগ্রেসের জয়রাম রমেশ। কালিঘাটপন্থী তৃণমূল সাংসদ মহুয়া মৈত্রের টুইট, ‘অবসরের দিন কোনও বিচারপতির পক্ষে মেরুদণ্ড দেখানো সহজ, কিন্তু কর্মরত কোনও জাস্টিসের এ ভাবে সত্যটা বলার জন্য সাহস লাগে। জাস্টিস ভুঁইয়াকে কুর্নিশ!’

জ্ঞানেশ-শুনানি

নয়াদিল্লি: বাকি দুই নির্বাচন কমিশনারের সম্মতি ছাড়াই ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী (সার)-সহ একাধিক বিতর্কিত সিদ্ধান্ত নেওয়ার অভিযোগে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের বিরুদ্ধে সুপ্রিম কোর্টে দায়ের হওয়া দু’টি মামলার শুনানি হবে আজ, সোমবার। শুনবে প্রধান বিচারপতি সূর্য কান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী ও বিচারপতি ভি মোহনার বেঞ্চ। আবেদনকারীদের আর্জি—শীর্ষ কোর্ট ঘোষণা করুক, নির্বাচন কমিশনে এক জনের সিদ্ধান্ত সর্বসম্মত বলে চালানো যাবে না।

এ বার সতীর্থের ফোন নম্বর ভাইরাল করে বিতর্কে ডন

‘ডে-লাইট সেভিং টাইম’ নিয়ে উত্তাল ইউএস

এই সময়: আমেরিকায় সারা বছর স্থায়ী ভাবে ‘ডে-লাইট সেভিং টাইম’ চালু রাখার একটি বিল নিয়ে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও রিপাবলিকান সেনেটর টম কটনের মধ্যে প্রকাশ্য মতবিরোধ দেখা দিয়েছে। আমেরিকা ও ক্যানাডায় দিনের আলোকে কাজে লাগানোর জন্য বছরে দু-বার ঘড়ির কাঁটা এগিয়ে ও পিছিয়ে দেওয়ার প্রথা আছে। ট্রাম্প চান এই প্রথা তুলে দিয়ে

বিপাকে সেনেটর

সারা বছরই ‘ডে-লাইট সেভিং টাইম’ সময়ই চালু থাকুক। কটন এই বিলের বিরোধিতা করছেন। ট্রাম্প শনিবার সোশ্যাল মিডিয়ায় কটনের বলে দাবি করা একটি ফোন নম্বর প্রকাশ করে আরকানসাসের বাসিন্দাদের তাঁকে ফোন করে বিলটির পক্ষে সমর্থন জানাতে বলেন। তবে ফোন নম্বরটি সত্যিই কটনের কি না তা নিশ্চিত করা যায়নি। কারণ রয়টার্স ওই নম্বরে ফোন করে দেখেছে, সেটি ভয়েস মেলে চলে যাচ্ছে। এই প্রথম নয়, এর আগেও ট্রাম্প একবার এক সেনেটরের ব্যক্তিগত ফোন নম্বর প্রকাশ করে দিয়েছিলেন।

ট্রাম্পের যুক্তি, সারা বছর ডে-লাইট সেভিংস টাইম চালু থাকলে বিকেলে আরও বেশি সময় দিনের আলো পাওয়া যাবে। তাঁর মতে, খেলাধুলা ও অন্যান্য বাইরের কাজের জন্য অতিরিক্ত দিনের আলো পাওয়া মানুষের পক্ষে সুবিধাজনক। তাঁকে সমর্থন জানাচ্ছেন কৃষক, গলফ ও টেনিস খেলোয়ার, শিকারিরা। কিন্তু কটনের মতে, শীতকালেও ডে-লাইট সেভিংস টাইম চালু থাকলে সূর্যোদয়ের সময় যেহেতু পিছিয়ে যাবে তাই স্কুলের পড়ুয়া ও চাকরির জন্য মানুষকে অন্ধকারে বাড়ি থেকে বেরোতে হবে। সেটা অসুবিধেজনক। কটনের কথায়, ‘আরকানসাসের মানুষ চায় না তাদের সন্তানরা অন্ধকারে স্কুলে যাক।’

‘সানশাইন প্রোটেকশন অ্যাক্ট’ নামের বিলটি হাউস অফ রিপ্রেজেন্টেটিভে পাশ হলেও রিপাবলিকানদের একাংশের বিরোধিতার কারণে বিলটি এখনও সেনেটে আটকে রয়েছে। আমেরিকা ও ক্যানাডার বেশিরভাগ অঞ্চলে দিনের আলো বেশি সময় কাজে লাগাতে বছরে দু’বার ঘড়ির কাঁটা পরিবর্তন করা হয়। বসন্তকালে রাত দুটোর সময় ঘড়ির কাঁটা এক ঘণ্টা এগিয়ে রাত তিনটে করা হয়। ফলে সন্ধ্যায় বেশি সময় দিনের আলো পাওয়া যায়। আবার শরৎকালে রাত দুটোর সময় ঘড়ির কাঁটা এক ঘণ্টা পিছিয়ে রাত একটা করা হয়। এই ব্যবস্থার উদ্দেশ্য সন্ধ্যার দিকে দিনের আলো বেশি সময় ব্যবহার করা। তবে শীতকালে ঘড়ি এক ঘণ্টা এগিয়ে রাখলে সকালে সূর্যোদয় দেরিতে হয়। এই প্রথা রাখা বনাম তুলে দেওয়া নিয়ে বিতর্ক বহুদিনের।

আইসা নেত্রীকে ‘অপহরণ’, সাংবাদিকদের শ্লীলতাহানিও?

অভিযুক্ত দিল্লি পুলিশ ■ মুম্বইয়ে ‘বিরাট গর্জন মোর্চা’

মুম্বইয়ের গর্জন র‍্যালিতে জনজোয়ার। (পাশে) দিল্লিতে পুলিশের সঙ্গে নেহার ধস্তাধস্তির মুহূর্ত — এক্স ও পিটিআই

এই সময়, নয়াদিল্লি: মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের পদত্যাগের দাবিতে রবিবারও উত্তাল হলো রাজধানী দিল্লি। একদিকে প্রতিবাদীদের আটক, অন্য দিকে বাম সমর্থিত ছাত্র সংগঠন আইসা-র সভানেত্রী নেহা বোরাকে অপহরণের অভিযোগ উঠল দিল্লি পুলিশের বিরুদ্ধে! কিছুক্ষণের মধ্যে নেহাকে ছেড়ে দেওয়া হলেও বিক্ষোভের ঝাঁজ কমছে না।

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন (সার) প্রক্রিয়ায় বৈধ ভোটারদের নাম বাদ দেওয়া হয়েছে, এই অভিযোগে জ্ঞানেশ কুমারের পদত্যাগের দাবিতে দেশজুড়ে চলছে বিক্ষোভ। দু’দিন ধরে সেই বিক্ষোভের প্রাণকেন্দ্র ছিল দিল্লির যন্তর মন্তর। রবিবারও সেখানে বিক্ষোভ দেখান বাম ছাত্র সংগঠন আইসার সদস্যরা। নেহা বোরার নেতৃত্বে রবিবার বিকেল তিনটে নাগাদ দিল্লির ইন্ডিয়া গেট থেকে যন্তর মন্তর অভিমুখে প্রতিবাদ মিছিল শুরু হওয়ার পরেই দিল্লি পুলিশের সঙ্গে বিক্ষোভকারীদের দফায় দফায় ধস্তাধস্তি শুরু হয়। প্রতিবাদ মিছিল যন্তর মন্তরে পৌঁছনোর আগেই মিছিলের রাস্তা ব্যারিকেড দিয়ে আটকে দেয় পুলিশ। দিল্লি পুলিশের ৫০০০-এর বেশি জওয়ান বিক্ষোভকারীদের প্রতিহত করেন। নেহা পুলিশি ব্যারিকেডের উপরে উঠে বক্তব্য রাখার চেষ্টা করলে তাঁকে নম্বরপ্লেটহীন গাড়িতে জোর করে তুলে এলাকা ছাড়া করার অভিযোগ ওঠে দিল্লি পুলিশের বিরুদ্ধে। এর পরেই দিল্লি পুলিশের বিরুদ্ধে নেহাকে ‘অপহরণে’র অভিযোগ তোলে আইসা, এই মর্মে দিল্লির পুলিশ কমিশনারের কাছে লিখিত অভিযোগও জানায় তারা। পরে সন্ধে সাতটা নাগাদ নেহাকে ছেড়ে দেওয়া হয় দিল্লির নারেলা ইন্ডাস্ট্রিয়াল এরিয়া থানা থেকে। এ দিন আলাদা একটি মিছিল করে যন্তর মন্তর অভিযানের চেষ্টা করেন কংগ্রেস এবং আম আদমি পার্টি (আপ)-র সদস্যরাও। আপের সৌরভ ভরদ্বাজকে আটক করে নিয়ে যায় পুলিশ। অন্যান্য প্রতিবাদীদেরও টেনেহিঁচড়ে সরিয়ে দেওয়ার অভিযোগ উঠেছে দিল্লি পুলিশের বিরুদ্ধে। রবিবার মোট ১১০ জনকে আটক করা হয়েছে যন্তর মন্তর থেকে। ধস্তাধস্তিতে জখম হয়েছেন দিল্লির ১৫ জন পুলিশকর্মী।

তবে, একটি বিষয় নিয়ে অস্বস্তি বেড়েছে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের নিয়ন্ত্রণাধীন দিল্লি পুলিশের। শনিবার বিক্ষোভ চলাকালীন ঘটনাস্থলে থাকা তিন মহিলা সাংবাদিকদের সঙ্গে অশালীন ব্যবহারের অভিযোগ উঠেছে দিল্লি পুলিশের বিরুদ্ধে। এক জনকে শারীরিক হেনস্থার অভিযোগ উঠেছে খোদ দিল্লি পুলিশের এসিপি বিবেক ভগতের বিরুদ্ধে! অভিযোগ, এই হেনস্থার ঘটনায় অভিযোগই নিতে চায়নি পুলিশ। প্রতিবাদে রবিবার পার্লামেন্ট স্ট্রিট থানার সামনে অবস্থান বিক্ষোভ শুরু করেন ককরোচ জনতা পার্টি (সিজেপি)-এর সদস্যরা। দিল্লি পুলিশ অবশ্য পরে জানায়, তিন মহিলা সাংবাদিকের অভিযোগ গ্রহণ করা হয়েছে। বিষয়টি দিল্লি পুলিশের ক্রাইম ব্রাঞ্চ তদন্ত করছে। অভিযোগকারিণী এক মহিলা সাংবাদিকের দাবি, ‘পুলিশকর্মীরা আন্দোলনকারীদের আটক করছিলেন। সেখানে কোনও মহিলা পুলিশ ছিলেন না। আমি এসিপি বিবেক ভগতকে জিজ্ঞাসা করেছিলাম, কেন মহিলা পুলিশ নেই? সেই সময়ে আমাকে ধাক্কা দিয়ে সরিয়ে দেন। শারীরিক ভাবে হেনস্থা করা হয়েছে আমাদের।’ তবে, অভিযোগকারিণী সাংবাদিকদের মধ্যে এক জনকে রবিবার পুলিশ আটক করে বলেও অভিযোগ। সেই প্রসঙ্গ টেনে সিজেপি প্রতিষ্ঠাতা অভিজিৎ দীপকে এক্স হ্যান্ডলে লেখেন, ‘নেহা বোরা এবং ওই সাংবাদিকের মতো যাঁরা প্রতিবাদী, তাঁদের আটক করে দিল্লি পুলিশ কাপুরুষত্বের পরিচয়ই দিচ্ছে। এটা নরেন্দ্র মোদীর মহিলা ক্ষমতায়নের পুরস্কার?’

সার-বিরোধিতা এবং জ্ঞানেশের পদত্যাগের দাবিতে রবিবার বিশাল মিছিলের সাক্ষী মুম্বইও। সেখানে শিবসেনার উদ্ধব ঠাকরে ও এমএনএসের রাজ ঠাকরে মিলে মেট্রো সিনেমা থেকে বিএমসি হেডকোয়ার্টার্স পর্যন্ত ‘বিরাট গর্জন মোর্চা’র আয়োজন করেন। যোগ দেন হাজার হাজার মানুষ। রাজের বক্তব্য, ‘মহারাষ্ট্রে আচমকা ভোটার সংখ্যা কমলো কী করে? সার প্রক্রিয়া বাতিল হওয়া দরকার। ইভিএমে কারচুপিও চলবে না, চাই ব্যালটে ভোট।’ উদ্ধবের প্রশ্ন, ‘ভোটার তালিকা থেকে বাংলাদেশিদের মুছে ফেলাই যদি সার-এর উদ্দেশ্য হয়, তা হলে জানান ডিলিটেড ভোটারদের কতজন বাংলাদেশি?’ মুম্বইয়ের মিছিলে যোগ দেন কংগ্রেস এবং এনসিপি (শরদ পাওয়ার)-এর সদস্যরাও।

‘নিখোঁজ’ মেডিক্যাল ফ্লাইটে থাকা ৬ জনই

এই সময়: ছ’জনকে নিয়ে শুক্রবার রাতের দিকে বারমুডা ইন্টারন্যাশন্যাল এয়ারপোর্ট থেকে বস্টনের উদ্দেশে রওনা দিয়েছিল একটি এয়ার অ্যাম্বুল্যান্স। কিন্তু শনিবার ভোরে আটলান্টিক সমুদ্রের উপরে ওড়ার সময়ে হঠাৎই সেটি রাডার থেকে উধাও হয়ে যায়। দুর্ঘটনার আশঙ্কা করে বোট, হেলিকপ্টার নিয়ে তল্লাশি শুরু করে দিয়েছিল ইউএস কোস্ট গার্ড। শনিবার সন্ধেয় ছোট সেই বিমানটির ধ্বংসাবশেষ পাওয়া গেল ম্যাসাচুসেটসের নানটাকেট দ্বীপের কাছে। মার্কিন কোস্ট গার্ড জানিয়েছে, ধ্বংসাবশেষটি ওই এয়ার অ্যাম্বুল্যান্সেরই।

প্লেনটিতে এক রোগী, তাঁর পরিবারের এক সদস্য ও চার জন ক্রু ছিলেন। যাত্রীদের খোঁজে উদ্ধারকাজ চালাচ্ছে কোস্ট গার্ড। নানটাকেট দ্বীপের উপর দিয়ে ওড়ার সময় প্লেনটিতে কিছু ইলেকট্রিক্যাল সমস্যা দেখা দেয় বলে একটি রেডিয়ো বার্তা থেকে জানা যায়। শুক্রবার রাত পৌনে একটা নাগাদ প্লেনটির সঙ্গে বার্তা বিনিময় ক্রমে অস্পষ্ট হয়ে আসে। এক এয়ার ট্র্যাফিক কন্ট্রোলার পাইলটকে জিজ্ঞাসা করেন, তিনি কি ইমারজেন্সিতে পড়েছেন? কিন্তু পাইলট জবাবে কী বলেন, তা বোঝা সম্ভব হয়নি। এর পরেই প্লেনটি তিন মিনিটের মধ্যে হু-হু করে কয়েক হাজার ফুট নেমে আসে। তার পরে রাত একটা নাগাদ রাডার থেকে নিশ্চিহ্ন হয়ে যায়। রোগী ও তাঁর পরিবার বারমুডার নাগরিক ও ক্রু ক্যানাডার বলে জানা গিয়েছে।

মিলল ধ্বংসাবশেষ

শুধু পড়া নয়, শুনুন ‘এই সময়’।

খবরটি শুনতে কিউআর কোড স্ক্যান করুন।

ঝটিতি

স্মিত ও মোদীকে সর্বোচ্চ সম্মান

■ এই সময়: ফ্লাইটের ককপিটে সে দিন ঠিক কী হয়েছিল, জানার আগেই ভারতীয় সুপারহিরো ক্যাপ্টেম স্মিত মছরকে ইজ়রায়েলের স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে আমন্ত্রণ জানান প্রধানমন্ত্রী নেতানিয়াহু। শুধু স্মিত একা নন, শনিবার স্মিতের সঙ্গে ফোনে কথা বলার সময়ে ‘ডিয়ার ফ্রেন্ড’ বলে সম্বোধন করে নরেন্দ্র মোদীকে ইনভিটেশন দেন বিবি। স্মিতকে নেতানিয়াহু বলেন, ‘আপনি ইজ়রায়েলের হিরো, ভারতের হিরো এবং গোটা দুনিয়ার হিরো।’ ইজ়রায়েলি স্বাধীনতা দিবসে তাঁর দেশের তরফে মোদী ও স্মিতকে সর্বোচ্চ সম্মানে সম্মানিত করতে চান বলেও জানান বিবি। ইজ়রায়েলের স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে প্রতি বছর ১২টি মশাল জ্বালানো হয়। দেশ ও সমাজে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতী হিসেবেই ইজ়রায়েলি নাগরিকরা এই মশাল জ্বালানোর সুযোগ পান। এটাই সর্বোচ্চ সম্মান। এ বার মোদী ও স্মিতকেও সেই সম্মান দিতে চান বিবি।

রাবি-তে হামলা

■ এই সময়, ঢাকা: উত্তপ্ত রাজশাহী বিশ্ববিদ্যালয়। ররিবার রাতে ক্যাম্পাসে রামদা, চাপাতি, হকি স্টিক, বেসবল ব্যাট দিয়ে সাংবাদিক ও পড়ুয়াদের একাংশকে বেধড়ক মারধর করল ক্ষমতাসীন বিএনপি-র ছাত্র সংগঠন ছাত্রদল। তাতে চার সাংবাদিক-সহ ১০ জন গুরুতর জখম। সূত্রের খবর, ইউনিয়নের জিএস-কে মারতে রাত ৮টা নাগাদ অস্ত্র-সহ জড়ো হয় ছাত্রদলের বড় মিছিল। খবর পেয়ে আসেন প্রক্টর। তখনই লুকোনো অস্ত্রের ভিডিয়ো-ছবি করতে গিয়েই সমকাল, আজকের পত্রিকা ও বিডিনিউজ টোয়েন্টিফোর ডট কমের প্রতিনিধিরা মার খান বলে স্থানীয় সূত্রের খবর।

ফ্রান্সের মতো ফুঁসছে স্পেনও

শিক্ষায় পরিকাঠামোর অভাবে বিক্ষোভ ছড়াচ্ছে ফ্রান্সের নানা প্রান্তে। বিক্ষোভ এ বার স্পেনেও। সে দেশে জোরালো আবাসন-সঙ্কট। সরকারের কার্যকর পদক্ষেপের দাবিতে স্পেনের পথে নেমেছেন হাজার হাজার মানুষ। রাজধানী মাদ্রিদ-সহ দেশের প্রায় ৫০টি শহরের রাস্তা এখন বিক্ষোভকারীদের দখলে। দফায় দফায় চলছে ধর্না অবস্থান, ধর্মঘট। সতর্ক পুলিশও — এক্স

বিজ্ঞাপন

ডিয়ার সাপ্তাহিক লটারির ₹১ কোটির বিজয়িনী হলেন উত্তর ২৪ পরগনা-এর এক বাসিন্দা

পশ্চিমবঙ্গ, উত্তর ২৪ পরগনা - এর

একজন বাসিন্দা সানেকা মাহালি - কে 27.07.2026 তারিখের ড্র তে ডিয়ার সাপ্তাহিক লটারির 74E 74430 নম্বরের টিকিট এনে দেয় এক কোটি টাকার প্রথম পুরস্কার। তিনি কলকাতায় অবস্থিত নাগাল্যান্ড রাজ্য লটারির নোডাল অফিসারের কাছে পুরস্কার দাবির ফর্ম সহ তার বিজয়ী টিকিটটি জমা দিয়েছেন। বিজয়িনী বললেন "কোনো আর্থিক সংগ্রাম ছাড়াই আমার ভবিষ্যৎ গড়ার জন্য এটি ঈশ্বরের একটি উপহার ছিল। এক কোটি টাকা জেতার এই সুবর্ণ সুযোগ দেওয়ার জন্য আমি ডিয়ার লটারি এবং নাগাল্যান্ড রাজ্য লটারিকে ধন্যবাদ জানাতে চাই।" ডিয়ার লটারির প্রতিটি ড্র সরাসরি দেখানো হয়, তাই এর স্বচ্ছতা প্রমাণিত।

* বিজয়ীর তথ্য সরকারি ওয়েবসাইট থেকে সংগৃহীত।

WBSETCL

WEST BENGAL STATE ELECTRICITY TRANSMISSION COMPANY LIMITED
(A Government of West Bengal Enterprise)
Registered Office: Vidyut Bhavan, Block-DJ, Sector-II, Bidhannagar, Kolkata-700091
CIN: U40101WB2007SGC113474 • web: www.wbsetcl.in

E-TENDER FOR THE FOLLOWING WORKS ARE INVITED:-
Under the jurisdiction of the Additional Chief Engineer, Midnapore Transmission Zone

NIT No.: WBSETCL/MTZ/ E-TENDER/CIVIL/PINGLA/ 2026-27/02 Date: 05.10.2026	Renovation of control room building, office building, store room, pump room including painting and allied civil work at Pingla 132 kV sub-station.
NIT No.: WBSETCL/MTZ/ E-TENDER/CIVIL/KGP400KV/ 2026-27/03 Date: 05.10.2026	Construction of RCC road at 132 kV switchyard and beside open stackyard (approx. length 150 m) in Kharagpur 400 kV sub-station.

For all the above mentioned NITs, bid documents can be downloaded from 05.10.2026, 06:00 P.M. Bid submission starting date (online): 14.10.2026, 10:00 A.M. and bid submission closing date (online): 03.11.2026, 03:00 P.M. Visit the following websites - www.wbtenders.gov.in, www.wbsetcl.in for details. ICA- T18651(2)/2026

EIH Limited
A MEMBER OF THE OBEROI GROUP
CIN: L55101WB1949PLC017981
কর্পোরেট অফিস: ৭, শামনাথ মার্গ, দিল্লি- ১১০০৫৪
দূরভাষ: +৯১ ১১ ২৩৮৯০৫০৫ ওয়েবসাইট: www.eihltd.com
ই-মেল: isdho@oberoigroup.com
নথিবদ্ধ কার্যালয়: এন-৮০৬-এ, নবম তল, ডায়মন্ড হেরিটেজ বিল্ডিং, ১৬, স্ট্র্যান্ড রোড, ফেয়ারলি প্লেস, কলকাতা- ৭০০০০১, পশ্চিমবঙ্গ

শেয়ারহোল্ডারদের জন্য বিজ্ঞপ্তি
বাস্তবিক শেয়ার স্থানান্তরের অনুরোধ পুনঃস্থাপনের জন্য স্পেশাল উইন্ডো

সেবি সার্কুলার নং এইচও/৩৮/১৩/১১(২)২০২৬-এমআইআরএসডি-পিওডি/আই/৩৭৫০/২০২৬ তারিখ ৩০ জানুয়ারি ২০২৬ অনুসারে, কোম্পানির সকল শেয়ারহোল্ডারগণ/বিনিয়োগকারীগণকে এতদ্বারা জানানো হচ্ছে যে, ৫ ফেব্রুয়ারি ২০২৬ থেকে ৪ ফেব্রুয়ারি ২০২৭ পর্যন্ত এক বছরের জন্য আরও একটি স্পেশাল উইন্ডো খোলা হয়েছে যাতে শেয়ারগুলি বাস্তবিক মোডে স্থানান্তর করা যায়। এই সুবিধা সেই সব শেয়ারহোল্ডারগণ/বিনিয়োগকারীগণের জন্য উপলব্ধ, যাঁরা ১ এপ্রিল, ২০১৯ তারিখের আগে ট্রান্সফার ডিড জমা দিয়েছিলেন কিন্তু নথি/প্রক্রিয়ার ত্রুটির কারণে বা অন্য কোনও কারণে প্রত্যাখ্যাত/ফেরৎ হয়েছে/উপস্থাপিত হয়নি।

এই স্পেশাল উইন্ডোর সময়ে, স্থানান্তরিত সিকিউরিটিগুলি কেবলমাত্র ডিমেটিরিয়ালাইজড আকারে জমা হবে এবং স্থানান্তর নিবন্ধনের তারিখ থেকে এক বছরের লক-ইন সময়কালের সাপেক্ষে থাকবে। লক-ইন সময়কালে, এই জাতীয় সিকিউরিটিগুলি স্থানান্তর, লিয়েন-মার্ক করা বা বন্ধক রাখা হবে না। শেয়ারহোল্ডার/বিনিয়োগকারীদের নির্ধারিত স্থানান্তর-তথা-ডিম্যাট প্রক্রিয়া অনুসরণ করার জন্য অনুরোধ করা হচ্ছে। বিতর্কিত মালিকানা বা ইতিমধ্যে ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড (আইইপিএফ)- এ স্থানান্তরিত শেয়ার সম্পর্কিত অনুরোধ বিবেচনা করা হবে না।

০৪ ফেব্রুয়ারি ২০২৭ তারিখের পরে জমা দেওয়া স্থানান্তরের অনুরোধ কোম্পানি/আরটিএ কর্তৃক গ্রহণ করা হবে না।

বাস্তবিক শেয়ারহোল্ডারদের কোম্পানির রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট অর্থাৎ এমইউএফজি ইনটাইম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড-এর কাছে প্রয়োজনীয় কাগজপত্র জমা দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে এই ঠিকানায়: নোবেল হাইটস, দ্বিতীয় তল, প্লট নং. এনএইচ-২ এলএসসি, সি-১, ব্লক, সাবিত্রী মার্কেট জনকপুরীর নিকটে, নয়া দিল্লি- ১১০০৫৮। ই-মেল: delhi@in.mpms.mufg.com।

সকল শেয়ারহোল্ডারদের অনুরোধ করা হচ্ছে যে, তাঁরা তাঁদের ‘নো ইয়োর কাস্টমার’ (কেওয়াইসি) বিবরণ যেমন- প্যান, ই-মেল অ্যাড্রেস, যোগাযোগ নম্বর, ঠিকানা, ব্যাঙ্কের বিবরণ এবং মনোনয়ন ইত্যাদি আপডেট করেন, যাতে কোম্পানি কর্তৃক ঘোষিত লভ্যাংশ সময়মতো সরাসরি তাঁদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে পৌঁছে যায় এবং এই ধরনের লভ্যাংশ ও শেয়ার আইইপিএফ-এ হস্তান্তর আটকানো যায়।

যেসব শেয়ারহোল্ডার ডিম্যাট মোডে শেয়ার ধারণ করে আছেন, তাঁরা কেওয়াইসি আপডেট করার জন্য তাঁদের সংশ্লিষ্ট ডিপোজিটরি অংশগ্রহণকারীদের (ডিপি) সাথে যোগাযোগ করতে পারেন।

যে কোনও প্রশ্নের জন্য, আপনি আমাদের আরটিএ-র সঙ্গে যোগাযোগ করতে পারেন delhi@in.mpms.mufg.com ঠিকানায় এবং কোম্পানির সঙ্গে isdho@oberoigroup.com ঠিকানায়।

ইআইএইচ লিমিটেডের পক্ষে
স্বাক্ষর/-
স্থান: দিল্লি
তারিখ: ১ অক্টোবর ২০২৬
ললিত কুমার শর্মা
কোম্পানি সেক্রেটারি
এফসিএস-৬২১৮

নোটে নাম জ্ঞানেশের!

▶ প্রথম পাতার পর

একাধিক ক্ষেত্রে অসহযোগিতা ও দুর্নীতির অভিযোগ তুলেছিলেন বেন। পরে কুয়ালালামপুরে আত্মহত্যা করেন তিনি। বেনের কাছ থেকে উদ্ধার হয়েছিল দু’টি সুইসাইড নোট। একটি তাঁর স্ত্রীর উদ্দেশে লেখা। দ্বিতীয়টি তাঁর সংস্থার ডিরেক্টরের উদ্দেশে লেখা। সূত্রের দাবি, দ্বিতীয় সুইসাইড নোটে জ্ঞানেশ কুমারের নাম উল্লেখ করেছিলেন বেন। বিল ক্লিয়ারেন্সের জন্য টাকা চাওয়া, দুর্নীতির কারণে পেমেন্টে দেরির মতো একাধিক অভিযোগ তুলেছিলেন বেন।

সুইসাইড নোটের বিষয়টি সামনে আসায় ২০০৬-এ বিষয়টি নিয়ে ভিজিল্যান্স তদন্তের নির্দেশ দেয় কেরলমের তৎকালীন বাম প্রশাসন। জ্ঞানেশকে তড়িঘড়ি ডেপুটেশনে প্রতিরক্ষা মন্ত্রকে পাঠিয়ে দেওয়া হয়। এ দিকে, তাঁর বিরুদ্ধে তদন্তও মাঝপথে বন্ধ করে দেয় কেরলম প্রশাসন। সম্প্রতি সেই তদন্ত ফের শুরুর আর্জি জানিয়েছেন কংগ্রেস নেতা মালায়িনকেজু বেণুগোপাল। আর তার ভিত্তিতেই ‘ভিজিল্যান্স অ্যান্ড অ্যান্টি-কোরাপশন ব্যুরো’ (ভিএসিবি)-কে জ্ঞানেশ কুমারের বিরুদ্ধে ফের তদন্ত শুরুর নির্দেশ দিয়েছেন কেরলমের স্বরাষ্ট্রমন্ত্রী রমেশ চেন্নিথালা। ২০০৬-এর ভিএসিবি-র প্রাথমিক তদন্তের সব ফাইলপত্রও চেয়ে পাঠিয়েছে কেরলমের স্বরাষ্ট্র দপ্তর। চেন্নিথালার কথায়, ‘কংগ্রেস নেতার আর্জি খতিয়ে দেখে এবং পুরোনো ফাইল ঘেঁটে আমি নিশ্চিত, এই ঘটনায় বিস্তারিত ভিজিল্যান্স তদন্ত প্রয়োজন।’ মুখ্যমন্ত্রী ভিডি সতীশনের সঙ্গে কথা বলেই ভিজিল্যান্স ডিরেক্টর মনোজ আব্রাহামকে তিনি তদন্তের নির্দেশ দিয়েছেন বলেও জানান চেন্নিথালা।

কিন্তু কেরলমের পূর্ত দপ্তরের তৎকালীন সচিব এখন দেশের মুখ্য নির্বাচন কমিশনার। সে ক্ষেত্রে জ্ঞানেশের বিরুদ্ধে দুর্নীতির প্রমাণ মিললেও কি আইনি কোনও পদক্ষেপ করা যাবে? চেন্নিথালার বক্তব্য, ‘সব আইনি দিক খতিয়ে দেখা হয়েছে, কোনও বাধা নেই। ২০০৬-এর যে সময়ের ঘটনা নিয়ে তদন্ত হবে, তখন তিনি ছিলেন কেরলমের পূর্ত দপ্তরের সচিব, ফলে নির্বাচন কমিশনার হিসেবে তাঁর রক্ষাকবচ এ ক্ষেত্রে কার্যকর হবে না।’

সম্প্রতি ‘সার’ প্রক্রিয়া চালিয়ে বৈধ ভোটারদের নাম বাদ দেওয়ার অভিযোগে জ্ঞানেশের ইস্তফা চেয়ে দেশজুড়ে চলছে প্রতিবাদ। তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের ‘হাতের পুতুল’ হিসেবে কাজ করছেন, এমন অভিযোগও উঠেছে। এই পরিস্থিতিতে দু’দশক পুরোনো একটি মামলা রি-ওপেন করা কি রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত? রবিবার এই প্রশ্নের মুখে চেন্নিথালার জবাব, ‘সার এবং অন্যান্য ইস্যু তো থাকছেই, সে ব্যাপারে জ্ঞানেশ কুমারের বিরুদ্ধে আমাদের লড়াই চলবে, কিন্তু এই কেসটা আলাদা। মন্ত্রী হিসেবে কোনও অপরাধের অভিযোগ পেলে তদন্ত না করিয়ে তো বসে থাকতে পারি না! অভিযোগের তদন্তের জন্য ভিজিল্যান্স ডিরেক্টরের কাছে পাঠানো আমার কর্তব্য।’

‘দৃশ্যম’ ছকে বাবাকে খুন!

সুরাট: বলিউড তারকা অজয় দেবগন অভিনীত ‘দৃশ্যম’ দেখেই বাবাকে খুনের পরিকল্পনা করেছিল এক তরুণ! সিনেমার গল্পের মতোই ডিজিটাল তথ্য প্রমাণ লোপাট, অ্যালিবাই তৈরির মতো প্লট সাজিয়েছিল সে। কিন্তু শেষরক্ষা হলো না!

কর্মসূত্রে সস্ত্রীক সুরাটে থাকে বিহারের আদি বাসিন্দা শিব শঙ্কর। পুলিশ জানিয়েছে, জমি বিক্রি নিয়ে বাবার সঙ্গে প্রায়ই অশান্তি লেগে থাকত ছেলের। বাবাকে খুন করার ছক কষে সুরাটে নিজের ফোন বন্ধ করে বিহারের উদ্দেশে রওনা হয় বছর ২৬-এর ওই যুবক। গত ২৬ জুলাই সমস্তিপুর পৌঁছে রাতের অন্ধকারে বাড়িতে ঢোকে সে। পুলিশ জানিয়েছে, সে দিন ঘরের বাইরে ঘুমিয়েছিলেন বছর পঞ্চাশের রঘুবীর সাহনি। কুঠার দিয়ে ঘুমন্ত বাবাকে সে কুপিয়ে খুন করে বলে অভিযোগ। এর পরে সুরাট ফিরে আসে শিব। পুলিশ জানিয়েছে, সে নিখুঁত ভাবে অ্যালিবাই সাজানোর চেষ্টা করেছিল যে, ঘটনার সময়ে সেখান থেকে অনেক দূরে ছিল। কিন্তু তদন্তে পুলিশ দেখতে পায়, খুনের প্রায় ৩৬ ঘণ্টা পরে অভিযুক্তের ফোনের লোকেশন কিছুক্ষণের জন্য বিহারের পাটোরি এলাকায় দেখাচ্ছে। তদন্তে জানা যায়, তখন একবার ফোন অন করে স্ত্রীর সঙ্গে এ বিষয়ে কথা বলে ফের সে ফোন সুইচ অফ করে দেয়। পুলিশি জেরায় সে স্বীকার করেছে, ‘দৃশ্যম’ দেখে সে খুনের পরিকল্পনা সাজিয়েছিল।

আসন রফা নয়, জয় চান অখিলেশ

অরিন্দম বন্দ্যোপাধ্যায়
■ নয়াদিল্লি

